গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
মেট্রোরেল ভবন
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

## MRT Line-5: Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study সম্পন্ন হয়েছে। বেসিক ডিজাইন ও ডিটেইলড ডিজাইন এর কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। বিভিন্ন সার্ভের কাজ সমাপ্ত হয়েছে। হেমায়েতপুর ডিপোর ভূমি অধিগ্রহণের কাজ সম্পন্ন হয়েছে। MRT Line-5: Northern Route এর নির্মাণ কাজ মোট ১০টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে।

**প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**
Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route মোট ১০টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। এপ্রিল ২০২৬ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- CP-01 (হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন): ঠিকাদারী প্রতিষ্ঠানের সঙ্গে গত ২৩ মে ২০২৩ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক বর্তমানে হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন কাজ চলমান। এপ্রিল ২০২৬ পর্যন্ত অগ্রগতি ৮১.৬২%।
- CP-02 (হেমায়েতপুর ডিপো এলাকার পূর্ত কাজ ও ভবন নির্মাণ): গত ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখ দরপত্র আহবান করতঃ গত ০৯ এপ্রিল ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে গত ১৬ অক্টোবর ২০২৫ তারিখ জাইকা সম্মতি প্রদান করেছে। গত ২৬ জানুয়ারি ২০২৬ তারিখ আর্থিক মূল্যায়ন প্রতিবেদনে জাইকার সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে।
- CP-03 (হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত উড়াল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। গত ২৮ আগস্ট ২০২৪ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। উক্ত দরপত্রের কারিগরি এবং আর্থিক মূল্যায়ন প্রতিবেদনের উপর জাইকা যথাক্রমে গত ২৯ ডিসেম্বর ২০২৪ ও ২২ এপ্রিল ২০২৫ তারিখ সম্মতি প্রদান করেছে। পরবর্তীতে সর্বনিম্ন দরদাতার সহিত ০৪ মে ২০২৫ তারিখ হতে ১৪ জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত Negotiation সম্পন্ন হয়। পরবর্তীতে Negotiation Meeting Minutes-এর বিষয়ে গত ২২ সেপ্টেম্বর ২০২৫ তারিখ জাইকা কর্তৃক অনাপত্তি পাওয়া গিয়েছে। তদপ্রেক্ষিতে গত ০৮ অক্টোবর ২০২৫ তারিখ উক্ত প্যাকেজের প্রস্তাব অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল মহোদয়ের নিকট প্রেরণ করা হয়েছে।
- CP-04 (আমিনবাজার ট্রানজিশন হতে মিরপুর ১ পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদার প্রাকযোগ্যতা সম্পন্ন এবং উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার সম্মতি পাওয়া গেছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ০৫ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়। এরই প্রেক্ষিতে গত ১০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অনুমোদন পেয়ে গত ১৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখ দরপত্র আহবান করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ৩০ মার্চ ২০২৬ তারিখ দাখিলকৃত দরপত্রসমূহ উন্মুক্ত করা হয়েছে। গত ২৬ এপ্রিল ২০২৬ তারিখ কারিগরি মূল্যায়ন প্রতিবেদন জাইকার সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে।
- CP-05 (মিরপুর ১ স্টেশনের পূর্ব হতে কচুক্ষেত পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদার প্রাকযোগ্যতা সম্পন্ন এবং উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার সম্মতি পাওয়া গেছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ১৪ মে

২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। গত ২৭ মার্চ ২০২৫ তারিখে অনুমোদন পেয়ে ০৮ এপ্রিল ২০২৫ তারিখে দরপত্র আহবান করা হয়েছে। পরবর্তীতে ২৭ আগস্ট ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে জাইকা গত ২৪ নভেম্বর ২০২৫ তারিখ সম্মতি প্রদান করেছে। এছাড়াও গত ০৯ ডিসেম্বর ২০২৫ তারিখ আর্থিক প্রস্তাব উন্মুক্ত করা হয়েছে। আর্থিক মূল্যায়ন প্রতিবেদনে সম্মতির জন্য গত ২০ জানুয়ারি ২০২৬ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। উক্ত আর্থিক মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ১৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ জাইকা মতামত প্রদান করে। পরবর্তীতে জাইকার উক্ত মতামতের জবাবসহ ডিএমটিসিএল এর ৭১তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক দরপত্রসমূহ বাতিল করার বিষয়ে জাইকার সম্মতির জন্য পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে।

- CP-06 (কচুক্ষেত স্টেশনের পূর্ব হতে ভাটারা ট্রানজিশন পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): দরপত্র দলিলে জাইকা সম্মতি প্রদান করেছে। গত ০৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে গত ০৪ জুন ২০২৫ তারিখ জাইকা সম্মতি প্রদান করেছে এবং ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃকও অনুমোদিত হয়েছে। গত ০৩ আগস্ট ২০২৫ তারিখ জাইকাতে সম্মতির জন্য প্রেরিত আর্থিক মূল্যায়ন প্রতিবেদনে ২৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখ জাইকা মতামত প্রদান করে। ইতোমধ্যে ডিএমটিসিএল এর ৭১তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী দরপত্রসমূহ বাতিল করার বিষয়ে জাইকার সম্মতির জন্য পুনরায় গত ২৯ অক্টোবর ২০২৫ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে ১৮ নভেম্বর ২০২৫ তারিখ পুনরায় আর্থিক প্রস্তাব পুনঃমূল্যায়ন প্রতিবেদন জাইকাতে প্রেরণ করা হয় এবং গত ৭ জানুয়ারি ২০২৬ তারিখ জাইকার পর্যবেক্ষণের স্পষ্টীকরণের ভিত্তিতে পুনরায় মতামত প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় উক্ত প্যাকেজের Bid Evaluation Committee ও ডিএমটিসিএল এর ৭১তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক সুপারিশকৃত দরপত্রসমূহ বাতিলসহ পুনরায় দরপত্র আহবানের বিষয়ে গত ২৯ জানুয়ারি ২০২৬ তারিখ জাইকা BEC কমিটির সুপারিশকৃত দরপত্র বাতিল ও পুনঃদরপত্র আহবানের বিষয়টিতে সম্মতি দেয়া সম্ভব নয় মর্মে মতামত প্রদান করেছে। এই প্রেক্ষিতে গত ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বর্তমান প্রেক্ষাপটে করণীয় বিষয়ে সদয় নির্দেশনার জন্য ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল মহোদয়ের নিকট পত্র প্রেরণ করা হয়েছে।
- CP-07 (রেলওয়ে ই এন্ড এম সিস্টেম এর ডিটেইলড ডিজাইন, উৎপাদন ও স্থাপন [সিগন্যালিং, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রিফিকেশন, পিএসডি ও ইআরএমএসসহ]): দরপত্র দলিলে সম্মতির জন্য গত ২৮ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে ০৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের জাইকার পর্যবেক্ষণের প্রেক্ষিতে ০৬ নভেম্বর ২০২৫ তারিখ জবাব প্রেরণ করা হয়েছে। এরই প্রেক্ষিতে গত ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখ জাইকা দরপত্র দলিলে সম্মতি প্রদান করেছে। বর্তমানে দরপত্র আহবানের প্রক্রিয়া চলমান রয়েছে।
- CP-08 (রোলিং স্টক ও ডিপোতে রোলিং স্টকের ইক্যুইপমেন্ট ডিজাইন, উৎপাদন ও স্থাপন): প্রাক-যোগ্যতার দলিলে সম্মতির জন্য গত ১১ জুলাই ২০২৩ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ০২ জুন ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। এছাড়াও, প্রাক-যোগ্যতা ব্যতিরেকে সরাসরি দরপত্র আহবানে সম্মতির জন্য জাইকার নিকট গত ১২ ডিসেম্বর ২০২৪ তারিখ পত্র প্রেরণ করা হয়। প্রাক-যোগ্যতা ও দরপত্র দলিলে সম্মতি এবং পূর্বোক্ত পত্রের জবাব না পাওয়ায় পরবর্তীতে গত ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ জাইকার নিকট পুনরায় পত্র প্রেরণ করা হয়।
- CP-09 (ডিপো ও মেইন লাইনের ট্র্যাক ওয়ার্ক নির্মাণ): দরপত্র দলিলে জাইকা সম্মতি প্রদান করেছে। গত ২১ নভেম্বর ২০২৪ তারিখ দরপত্র আহবান করা হয়েছে এবং ০৬ মার্চ ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। কারিগরি মূল্যায়ন শেষে জাইকার সম্মতি প্রাপ্তির পর বিগত ০৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখ আর্থিক প্রস্তাব উন্মুক্ত করা হয়েছে। পরবর্তীতে আর্থিক মূল্যায়ন প্রতিবেদনে সম্মতির জন্য গত ২৬ নভেম্বর ২০২৫ তারিখ জাইকায় প্রেরণ করা হয়েছে। এরই প্রেক্ষিতে জাইকা কর্তৃক গত ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখ উক্ত প্রতিবেদনের বিষয়ে প্রেরিত পর্যবেক্ষণের ভিত্তিতে গত ৭ জানুয়ারি ২০২৬ তারিখ জবাব প্রেরণ করা হয়। পরবর্তীতে ১৯ জানুয়ারি ২০২৬ তারিখ জাইকা কর্তৃক প্রদত্ত পুনঃপর্যবেক্ষণের বিষয়ে বিগত ৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পুনরায় জবাব প্রেরণ করা হয়েছে। ০১ মার্চ ২০২৬ পর্যন্ত দরপত্র এর বৈধতার মেয়াদ নির্ধারিত ছিল। বৈধতার মেয়াদ ১৫ জুন ২০২৬ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে ০২ (দুই) জন দরপত্র দাতার মধ্যে একজন সম্মতি প্রদান করায় বিষয়টি সমাধানের জন্য ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল বরাবর গত ২৩ ফেব্রুয়ারি ২০২৬ নথি উত্থাপন করা হলে তা পুনঃপর্যালোচনার জন্য ফেরৎ প্রদান করা হয়। পরবর্তীতে ১১ মার্চ ২০২৬ BEC কমিটির সভায় বিষয়টি নিয়ে আলোচনা হয় এবং সভার সিদ্ধান্ত ২৯ মার্চ ২০২৬ তারিখ জাইকাকে অবহিত করে পত্র প্রেরণ করা হয়।
- CP-10 (অটোমেটিক ফেয়ার কালেকশন [এএফসি] সিস্টেমের ডিজাইন, উৎপাদন ও স্থাপন): প্রাক-যোগ্যতার দলিলে সম্মতির জন্য গত ০৯ অক্টোবর ২০২৩ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ২৮ এপ্রিল ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে।

হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত মেইন লাইন ও স্টেশনসমূহের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণের কার্যক্রম বিভিন্ন পর্যায়ে চলমান রয়েছে। এছাড়াও বিভিন্ন সরকারি/আধাসরকারি সংস্থা হতে এমআরটি স্টেশনের Entry/Exit এর জন্য জমি হস্তান্তর প্রক্রিয়াধীন।